**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০২৭.১৯-৩৮৩

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৬
০৯ মে ২০১৯

## পরিপত্র-১

বিষয় : **পঞ্চম উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে সময়সূচি জারি, সময়সূচির প্রজ্ঞাপন, রিটার্নিং অফিসার সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ, সময়সূচির গণ-বিজ্ঞপ্তি প্রকাশ, আপিল কর্তৃপক্ষ নিয়োগ, প্রার্থীর যোগ্যতা-অযোগ্যতা ও ছবিসহ ভোটার তালিকার ব্যবহার এবং অন্যান্য বিষয়ে নির্দেশনা**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুসারে নির্বাচন কমিশন এতদসংগে সংযুক্ত উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও মহিলা-ভাইস চেয়ারম্যান পদে নির্বাচন অনুষ্ঠানের জন্য ১২ মে ২০১৯ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে নিম্নে বর্ণিত সময়সূচি ঘোষণা করেছেন:

| | | | |
|---|---|---|---|
| রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র/অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ২১ মে ২০১৯ | মঙ্গলবার |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২৩ মে ২০১৯ | বৃহস্পতিবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ৩০ মে ২০১৯ | বৃহস্পতিবার |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **১৮ জুন ২০১৯** | **মঙ্গলবার** |

২। **সময়সূচির প্রজ্ঞাপন:** নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত উল্লিখিত সময়সূচির আলোকে ১২ মে ২০১৯ তারিখে একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে। জারীকৃত প্রজ্ঞাপনের অনুলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো (সংলগ্নী-১)।

৩। **রিটার্নি অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৮ অনুসারে নির্বাচন কমিশন উল্লিখিত নির্বাচন পরিচালনার জন্য রিটার্নিং অফিসার নিয়োগ করেছেন এবং নির্বাচনি পরিচালনামূলক কার্যক্রমে রিটার্নিং অফিসারকে সহায়তাদানের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা নির্বাচন অফিসার-কে সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করে প্রজ্ঞাপন জারি করেছে এবং প্রজ্ঞাপনের অনুলিপি এতদ্‌সংগে প্রেরণ করা হলো (সংলগ্নী-২)। উল্লেখ্য যে, সদর উপজেলাসমূহে দু'জন করে এবং সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে। রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসারদের এলাকা ভাগ করে দিবেন।

৪। **সময়সূচি সংক্রান্ত গণবিজ্ঞপ্তি জারি:** নির্বাচনি সময়সূচি সম্বলিত প্রজ্ঞাপনে অনুলিপি বিধিমালার বিধি ১৩ এর উপ-বিধি (২) অনুসারে রিটার্নিং অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, উপজেলা পরিষদ কার্যালয়ের নোটিস বোর্ডে এবং সংশ্লিষ্ট উপজেলার গুরুত্বপূর্ণ ও প্রকাশ্য স্থানে উক্ত প্রজ্ঞাপনের অনুলিপি টাঙ্গিয়ে দিবেন। নির্বাচনের সময়সূচির বিজ্ঞপ্তি জারির সাথে সাথে বিধিমালার বিধি ১৪ অনুযায়ী উক্ত উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও মহিলা-ভাইস চেয়ারম্যান পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলের আহবান জানিয়ে সংযোজিত নমুনায় গণবিজ্ঞপ্তি জারি করতে হবে (পরিশিষ্ট-'ক')। গণবিজ্ঞপ্তিতে অনলাইনে মনোনয়নপত্র দাখিল করার সুযোগের বিষয়টিও উল্লেখ করতে হবে।

৫। **আপিল কর্তৃপক্ষ নিয়োগ:** বিধিমালার বিধি ১৭ এর উপ-বিধি (৪) এর অধীন যে প্রার্থীর মনোনয়নপত্র রিটার্নিং অফিসার কর্তৃক বাতিল বা ক্ষেত্রমতে গ্রহণ করা হয়েছে সে প্রার্থী বা ক্ষেত্রমত কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা বিধি ১৮ এর উপ-বিধি (১) ও (২) বিধি অনুযায়ী মনোনয়নপত্র বাছাইয়ের তারিখের ৩ (তিন ) দিনের মধ্যে উক্ত বাতিলাদেশ বা ক্ষেত্রমতে গ্রহণের বিরুদ্ধে নির্বাচন কমিশন কর্তৃক বিধি ১৮ এর উপ-বিধি (৩) অনুযায়ী নিযুক্ত আপিল কর্তৃপক্ষের নিকট আপিল দায়ের করতে পারবেন। তদুদ্দেশ্যে নির্বাচন কমিশন বিধিমালার বিধি ১৮ এর উপ-বিধি (৩) অনুযায়ী সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ-কে আপিল কর্তৃপক্ষ নিয়োগ করে প্রজ্ঞাপন জারি করেছে (সংলগ্নী-৩)।

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৬। **প্রার্থী হবার যোগ্যতা ও অযোগ্যতার বিধানের উদ্ধৃতাংশ প্রেরণ:** উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে সাধারণ নির্বাচন অনুষ্ঠানের কার্যক্রম গ্রহণ ও পরিচালনার সুবিধার্থে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৮ ধারায় উল্লিখিত যোগ্যতা-অযোগ্যতা সম্বলিত উদ্ধৃতাংশ এতদসংগে প্রেরণ করা হর (পরিশিষ্ট-খ)।

৭। **ভোটার তালিকার সিডি সংগ্রহঃ** উপজেলা পরিষদ নির্বাচনের জন্য বর্তমানে প্রণীত ছবিসহ ভোটার তালিকা ব্যবহার করতে হবে। ভোটকেন্দ্রে প্রিজাইডিং অফিসার/সহকারি প্রিজাইডিং অফিসার ছবিসহ ভোটার তালিকা ব্যবহার করবেন। তবে প্রার্থী বা তার নির্বাচনি এজেন্ট বা পোলিং এজেন্টকে ছবি ছাড়া ভোটার তালিকার সিডি ক্রয় করতে হবে। এ বিষয়ে ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি ৩০ এর উপ-বিধি (৪)(খ) নিম্নরূপঃ

> "সিটি বা পৌর এলাকার ক্ষেত্রে ওয়ার্ড ভিত্তিক, পল্লী এলাকার ক্ষেত্রে ইউনিয়ন ভিত্তিক এবং ক্যান্টনমেন্ট বোর্ড এলাকার ক্ষেত্রে ক্যান্টনমেন্ট বোর্ড এলাকা ভিত্তিক ছবি ছাড়া ভোটার তালিকার ইলেক্ট্রনিক কপি ৫০০.০০ (পাঁচশত) টাকা পরিশোধ সাপেক্ষে সরবরাহ করা যাইবে।"

ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর উক্ত বিধি অনুসরণ করে আগ্রহী সকল প্রার্থীকে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় হতে মনোনয়নপত্র গ্রহণের সময় ছবি ছাড়া ভোটার তালিকার সিডি নির্ধারিত অর্থের ট্রেজারি চালান/পে-অর্ডারের মাধ্যমে টাকা জমা দিতে হবে। **ট্রেজারি চালানের কোড নং "১০৬-০১০১-১০০১২৫-১৪৪১২৯৯"।** উল্লেখ্য, কোন অবস্থাতেই কোন ভোটার, প্রার্থী, নির্বাচনি এজেন্ট, পোলিং এজেন্ট বা অন্য কাউকেও ছবিসহ ভোটার তালিকার সিডি বিক্রয় করা যাবে না বা তার অনুলিপি প্রদান করা যাবে না। ছবিসহ ভোটার তালিকার কোন ফটোকপিও নির্বাচন কমিশন সচিবালয়ের অনুমতি/নির্দেশনা ছাড়া তৈরি করা যাবে না। ছবিসহ ভোটার তালিকা শুধুমাত্র নির্বাচনের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণ ব্যবহার করবেন।

৮। **সময়সূচির আলোকে কার্যক্রম গ্রহণ** : সময়সূচি অনুসারে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ২১ মে ২০১৯ তারিখ মঙ্গলবার এবং বাছাইয়ের জন্য ২৩ মে ২০১৯ তারিখ নির্ধারিত রয়েছে। মনোনয়নপত্র বাছাইয়ের আদেশের বিরুদ্ধে বিধি অনুযায়ী ২৪ মে-**২৬ মে ২০১৯** তারিখের মধ্যে আপিল দায়েরের এবং দায়েরকৃত আপিল **২৭ মে- ২৯ মে ২০১৯** তারিখের মধ্যে নিষ্পত্তি করার জন্য সিদ্ধান্ত গৃহীত প্রদান করা হয়েছে।

৯। **ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ** : সংযুক্ত-১ এ বর্ণিত উপজেলার মধ্যে গাজীপুর সদর, নারায়ণগঞ্জ জেলার বন্দর, ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর, কুমিল্লা জেলার আদর্শ সদর ও সদর দক্ষিণ এবং নোয়াখালী সদর উপজেলা পরিষদের নির্বাচনে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ করা হবে। ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণের বিষয়টি মনোনয়নপত্র দাখিলের জন্য নির্ধারিত শেষ তারিখের পূর্বেই গণবিজ্ঞপ্তির মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলার ভোটারগণকে অবহিত করতে হবে।

১০। **সাপ্তাহিক ও সরকারি ছুটি দিনে দায়িত্ব পালন** : যথাযথসময় ও যথাযথভাবে নির্বাচনের কাজ সম্পন্ন করার লক্ষ্যে রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসারের অফিস এবং নির্বাচন অফিসের সকল কর্মকর্তা-কর্মচারীগণকে সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে দায়িত্ব পালনের প্রয়োজন হবে। রমজান মাসে নির্ধারিত অফিস সময়ের পরেও গুরুত্বপূর্ণ কতিপয় কার্যক্রম যেমন-মনোনয়নপত্র দাখিল/গ্রহণ, বাছাইয়ের বিরুদ্ধে আপিল দায়িত্ব/আপিলে গ্রহণ, প্রার্থিতা প্রত্যাহার বিষয়ক কার্যাদি সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. পর্যন্ত অব্যাহত রাখতে হবে। উল্লেখ্য যে, এ পর্যায়ের সকল উপজেলা পরিষদের নির্বাচনে ভোটগ্রহণের সময়সীমা **সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি পর্যন্ত** নির্ধারণ করা হয়েছে।

১১। **আদালতের আদেশ প্রতিপালন** : প্রার্থীতা সংক্রান্ত আদালতের আদেশ প্রতিপালনার্থে রিটার্নিং অফিসারকে Respondent করা হলে তিনি আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন। এডভোকেট প্রত্যয়নপত্রের ক্ষেত্রে রিটার্নিং অফিসার সংশ্লিষ্ট এডভোকেটের সাথে টেলিফোনে যোগাযোগ করে আদেশ সম্পর্কে নিশ্চিত হয়ে ব্যবস্থা গ্রহণ করবেন। টেলিফোন/মোবাইল নম্বর এবং আলোচনার বিষয়ে বিস্তারিত লিপিবদ্ধ করবেন। প্রয়োজনে নির্বাচন কমিশন সচিবালয়ের আইন অনুবিভাগে যোগাযোগ করে কর্মপন্থা নির্ধারণ করবেন। সকল পর্যায়ের জন্য প্রযোজ্য হবে।

১২। **স্থগিত নির্বাচন** : স্থগিত নির্বাচনের ক্ষেত্রে ইতোপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের নতুন করে মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন হবে না এবং পূর্বে মনোনয়নপত্র দাখিলকারীগণকে নতুনভাবে মনোনয়নপত্র দাখিলেরও সুযোগ দেয়া যাবে।

১৩। **মুদ্রিত ছবিসহ ভোটার তালিকার সাথে ছবিছাড়া সিডি যাচাই:** প্রার্থীদেরকে প্রদত্ত ছবিছাড়া ভোটার তালিকার সিডির সাথে ছবিসহ মুদ্রিত ভোটার তালিকা শতভাগ যাচাই করে ভোটকেন্দ্রে প্রেরণ করতে হবে। ইতোমধ্যে জারিকৃত পরিপত্র ২-১১ এর নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো এবং প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণ করতে হবে।

০৯/৫/২০১৯

(মাহফুজা আক্তার)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
e-mail: sasemc1@gmail.com

সংলগ্নী: বর্ণনা মোতাবেক

প্রাপক:
১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), .................. ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, .................. ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০২৭.১৯-৩৮৩

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৬ / ০৯ মে ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩. সিনিয়র সচিব, .................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. সচিব, .................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, ..................................(সংশ্লিষ্ট)
১১. উপমহাপুলিশ পরিদর্শক, .............................. (সংশ্লিষ্ট রেঞ্জ)
১২. পুলিশ কমিশনার, ........................................ মেট্রোপলিটন পুলিশ (সংশ্লিষ্ট)
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৫. পরিচালক (জনসংযোগ) ও যুগ্ম সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৭. জেলা প্রশাসক, .................................... (সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ...................... (সংশ্লিষ্ট)
১৯. পুলিশ সুপার, .................................... (সংশ্লিষ্ট)
২০. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ........................................ (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
২১. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ...................... (সংশ্লিষ্ট)
২২. উপজেলা নির্বাহী অফিসার, .................................................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৩. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ................................ (সংশ্লিষ্ট)
২৪. জেলা তথ্য অফিসার, ................................ (সংশ্লিষ্ট)
২৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................... –এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৮. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব .................. (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২৯. উপজেলা নির্বাচন অফিসার, ................................ (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

৩০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ............................................ (সংশ্লিষ্ট)

৩১. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব

## গণ-বিজ্ঞপ্তি

যেহেতু নির্বাচন কমিশন এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী সংযোজিত তফসিলে বর্ণিত উপজেলাসমূহের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নেবর্ণিত সময়সূচি ধার্য করে প্রজ্ঞাপন জারি করেছেঃ-

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র/অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ____________ |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ____________ |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ____________ |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | ____________ |

২। এক্ষণে, সেহেতু, আমি ........................................................., ........................... ও রিটার্নিং
(নাম) (পদবি)
অফিসার,............................................................উপজেলা পরিষদ উক্ত বিধিমালার বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারি করছি যে, ........................................................................উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আমার কার্যালয়ে ............................................................ এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে
(কার্যালয়ের নাম ও ঠিকানা)
............................................................ আগামী **.......মে ২০১৯/ বৈশাখ ১৪২৬** তারিখ অথবা উক্ত
(কার্যালয়ের নাম ও ঠিকানা)
দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল **০৯টা হতে বিকাল ০৫টা** পর্যন্ত গ্রহণ করা হবে।

৩। তফসিলে বর্ণিত উপজেলার মধ্যে গাজীপুর সদর, নারায়ণগঞ্জ জেলার বন্দর, ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর, কুমিল্লা জেলার আদর্শ সদর ও সদর দক্ষিণ এবং নোয়াখালী সদর উপজেলা পরিষদের নির্বাচনে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ করা হবে।

৪। উল্লেখ্য যে, সরাসরি মনোনয়নপত্র দাখিলের পাশাপাশি অনলাইনে মনোনয়নপত্র দেয়ারও সুযোগ রয়েছে।

তারিখ: [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

রিটার্নিং অফিসারের নাম, পদবি ও স্বাক্ষর

"পরিশিষ্ট-৫ক"

# উপজেলা পরিষদ আইন, ১৯৯৮

( ১৯৯৮ সনের ২৪ নং আইন )

[৬ ডিসেম্বর, ১৯৯৮]

**চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের যোগ্যতা ও অযোগ্যতা**

[১][ ৮। (১) কোন ব্যক্তি উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান নির্বাচিত হইবার যোগ্য হইবেন, যদি-

(ক) তিনি বাংলাদেশের নাগরিক হন;

(খ) তাঁহার বয়স পঁচিশ বৎসর পূর্ণ হয়; এবং

(গ) তিনি ধারা ১৯ এ উল্লিখিত ভোটার তালিকাভুক্ত হন।

(২) কোন ব্যক্তি চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান নির্বাচিত হইবার এবং থাকিবার যোগ্য হইবেন না, যদি তিনি-

(ক) বাংলাদেশের নাগরিকত্ব পরিত্যাগ করেন বা হারান;

(খ) কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষিত হন;

(গ) দেউলিয়া ঘোষিত হন এবং দেউলিয়া ঘোষিত হইবার পর দায় হইতে অব্যাহতি লাভ না করিয়া থাকেন;

(ঘ) কোন নৈতিক স্খলনজনিত ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অন্যূন দুই বৎসর কারাদণ্ডে দণ্ডিত হন এবং তাঁহার মুক্তি লাভের পর পাঁচ বৎসর অতিবাহিত না হইয়া থাকে;

(ঙ) প্রজাতন্ত্রের বা পরিষদের অন্য কোন স্থানীয় কর্তৃপক্ষের কোন লাভজনক পদে সার্বক্ষণিক অধিষ্ঠিত থাকেন;

(চ) তিনি জাতীয় সংসদে সদস্য বা অন্য কোন স্থানীয় কর্তৃপক্ষের চেয়ারম্যান বা সদস্য হন বা থাকেন;

(ছ) কোন বিদেশী রাষ্ট্র হইতে অনুদান বা তহবিল গ্রহণ করে এইরূপ বেসরকারি সংস্থার প্রধান নির্বাহী পদ হইতে পদত্যাগ বা অবসর গ্রহণ বা পদচ্যুতির পর এক বৎসর অতিবাহিত না হইয়া থাকেন;

(জ) কোন সমবায় সমিতি এবং সরকারের মধ্যে সম্পাদিত চুক্তি ব্যতীত, সংশ্লিষ্ট উপজেলা এলাকায় সরকারকে পণ্য সরবরাহ করিবার জন্য বা সরকার কর্তৃক গৃহীত কোন চুক্তির বাস্তবায়ন বা সেবা কার্যক্রম সম্পাদনের জন্য, তাঁহার নিজ নামে বা তাঁহার ট্রাস্টি হিসাবে কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের নামে বা তাঁহার সুবিধার্থে বা তাঁহার উপলক্ষে বা কোন হিন্দু যৌথ পরিবারের সদস্য হিসাবে তাঁহার কোন অংশ বা স্বার্থ আছে এইরূপ চুক্তিতে আবদ্ধ হইয়া থাকেন;

ব্যাখ্যা।–উপরি-উক্ত দফা (জ) এর উল্লিখিত অযোগ্যতা কোন ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য

হইবে না যেই ক্ষেত্রে-

(অ) চুক্তিটিতে অংশ বা স্বার্থ তাঁহার উত্তরাধিকারসূত্রে বা উইলসূত্রে প্রাপক, নির্বাহক বা ব্যবস্থাপক হিসাবে হস্তান্তরিত হয়, যদি না উহা হস্তান্তরিত হইবার পর ছয় মাস অতিবাহিত হয়; অথবা

(আ) কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সংজ্ঞায়িত কোন পাবলিক কোম্পানীর দ্বারা বা পক্ষে চুক্তিটি সম্পাদিত হইয়াছে যাহার তিনি একজন শেয়ারহোল্ডার মাত্র, তবে উহার অধীন তিনি কোন লাভজনক পদে অধিষ্ঠিত পরিচালকও নহেন ম্যানেজিং এজেন্টও নহেন; অথবা

(ই) তিনি কোন যৌথ হিন্দু পরিবারের সদস্য হিসাবে চুক্তিটিতে তাঁহার অংশ বা স্বার্থ নাই এইরূপ কোন স্বতন্ত্র ব্যবসা পরিচালনাকালে পরিবারের অন্য কোন সদস্য কর্তৃক চুক্তি সম্পাদিত হইয়া থাকে;

(ঝ) তাহার পরিবারের কোন সদস্য সংশ্লিষ্ট উপজেলার কার্য সম্পাদনে বা মালামাল সরবরাহের জন্য ঠিকাদার নিযুক্ত হন বা ইহার জন্য নিযুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের অংশীদার হন বা উপজেলার কোন বিষয়ে তাঁহার কোন প্রকার আর্থিক স্বার্থ থাকে;

ব্যাখ্যা।–দফা (ঝ) এর উদ্দেশ্য সাধনকল্পে "পরিবার" অর্থে সংশ্লিষ্ট ব্যক্তির উপর নির্ভরশীল তাহার পিতা, মাতা, ভাই, বোন, স্ত্রী, পুত্র ও কন্যাকে বুঝাইবে।

(ঞ) মনোনয়নপত্র জমা দেওয়ার তারিখে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত কোন ঋণ মেয়াদোত্তীর্ণ অবস্থায় অনাদায়ী রাখেনঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত নিজস্ব বসবাসের নিমিত্ত গৃহ-নির্মাণ অথবা ক্ষুদ্র কৃষি ঋণ ইহার আওতাভুক্ত হইবে না;

(ট) এমন কোন কোম্পানীর পরিচালক বা ফার্মের অংশীদার হন যাহার কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত কোন ঋণ বা উহার কোন কিস্তি, মনোনয়নপত্র জমা দেওয়ার তারিখে পরিশোধে খেলাপী হইয়াছেন;

ব্যাখ্যা।– উপরি-উক্ত দফা (ঞ) ও (ট) এর উদ্দেশ্য সাধনকল্পে "খেলাপী" অর্থ ঋণ গ্রহীতা ছাড়াও যিনি বা যাঁহাদের স্বার্থ সংশ্লিষ্ট কোম্পানী বা ফার্ম Banker's Book of Account এ ঋণ খেলাপী হিসাবে চিহ্নিত আছে তাঁহাদেরকেও বুঝাইবে।

(ঠ) পরিষদের নিকট হইতে কোন ঋণ গ্রহণ করেন এবং তাহা অনাদায়ী থাকে;

(ড) সরকার কর্তৃক নিয়োগকৃত নিরীক্ষকের প্রতিবেদন অনুযায়ী নির্ধারিত দায়কৃত অর্থ পরিষদকে পরিশোধ না করিয়া থাকেন;

(ঢ) কোন সরকারি বা আধা-সরকারি দপ্তর, কোন সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, স্বায়ত্তশাসিত সংস্থা, স্থানীয় কর্তৃপক্ষ, সমবায় সমিতি বা প্রতিরক্ষা কর্ম বিভাগের চাকুরী হইতে নৈতিক স্খলন, দুর্নীতি, অসদাচরণ ইত্যাদি অপরাধে দোষী সাব্যস্ত হইয়া চাকুরীচ্যুত, অপসারিত বা বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত হইয়াছেন এবং তাঁহার এইরূপ চাকুরীচ্যুতি, অপসারণ বা বাধ্যতামূলক অবসরের পর পাঁচ বৎসর কাল অতিক্রান্ত না হইয়া থাকে;

(ণ) উপজেলা পরিষদের তহবিল তসরুফের কারণে দণ্ডপ্রাপ্ত হন;

(ত) বিগত পাঁচ বৎসরের মধ্যে যে কোন সময়ে দণ্ডবিধির ধারা ১৮৯, ১৯২, ২১৩, ৩৩২,৩৩৩ ও ৩৫৩ এর অধীন দোষী সাব্যস্ত হইয়া সাজাপ্রাপ্ত হন;

(থ) জাতীয় বা আন্তর্জাতিক আদালত বা ট্রাইব্যুনাল কর্তৃক যুদ্ধাপরাধী হিসাবে দোষী সাব্যস্ত হন;

(দ) কোন আদালত কর্তৃক ফেরারী আসামী হিসাবে ঘোষিত হন।

(৩) প্রত্যেক উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান প্রার্থী মনোনয়নপত্র দাখিলের সময় এই মর্মে একটি হলফনামা দাখিল করিবেন যে, উপ-ধারা (২) এর অধীন তিনি উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান নির্বাচনের অযোগ্য নহেন।]

---

১ ধারা ৮ উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ২১ নং আইন) এর ৩ ধারাবলে প্রতিস্থাপিত।

Copyright © 2010, Legislative and Parliamentary Affairs Division
Ministry of Law, Justice and Parliamentary Affairs